দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 DEC 2015
পৃষ্ঠা ৭·৮ কলাম ২

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সনদপত্র বিতরণ

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ১৩ ডিসেম্বর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় পরিচালিত বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের বাংলা, হিসাববিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে কলেজ শিক্ষকদের ৯৭তম ব্যাচের শিক্ষক-প্রশিক্ষণার্থীদের কোর্স সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠান রবিবার অনুষ্ঠিত হয়েছে। গাজীপুরের বোর্ড বাজারস্থিত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সিনেট হলে এ অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ প্রধান অতিথি ছিলেন।

এতে সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. আনোয়ার হোসেন।